

Model Activity task 2021(August)

Class 6 History (Part-5)

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | আগস্ট

ষষ্ঠ শ্রেণী (পার্ট -৫)

ইতিহাস

১. বেমানান শব্দটি খুঁজে লেখো :

১.১ সংহিতা, মহাকাব্য, **আরণ্যক**, উপনিষদ

১.২ ব্রহ্মচর্য, গার্হস্থ্য, বানপ্রস্থ, **ব্রাহ্মণ**

১.৩ বিদথ, সভা, সমিতি, **রত্নিন**

২. সত্য বা মিথ্যা নির্ণয় করো :

২.১ দক্ষিণ ভারতের একমাত্র মহাজনপদ ছিল অস্বক।

উঃ **সত্য**

২.২ চন্দ্রগুপ্ত মৌর্য শেষ জীবনে বৌদ্ধ হয়ে যান।

উঃ **মিথ্যা**

২.৩ বিনয়পিটক গৌতম বুদ্ধের মূল কয়েকটি উপদেশের আলোচনা।

উঃ **মিথ্যা**

৩. একটি বা দুটি বাক্যে লেখো :

৩.১ বেদের আরেক নাম শ্রুতি কেন ?

উঃ বেদ প্রথম দিকে লিখিত রূপে ছিল না। ঈশ্বরের মুখ নিঃসৃত বানী ঋষিরা মনে রাখতেন এবং তাঁদের কাছ থেকে শিষ্যরা সেই বানী শুনে শুনে মুখস্ত করে নিত। তাই বেদ কে শ্রুতি বলা হত।

৩.২ জনপদ কী ?

উঃ প্রাচীন ভারতে গ্রামের থেকে বড় অঞ্চল কে জন বলা হত। সেই জনকে কেন্দ্র করেই গড়ে উঠেছিল রাজ্য। আবার বলা হয় জনগন যেখানে পা বা পদ রাখত অর্থাৎ বাস করত তাকে বলা হয় জনপদ। অর্থাৎ সাধারণ মানুষ কোনো স্থানে পাকাপাকিভাবে বসবাস করতে শুরু করলে তাকে জনপদ বলে।

৪. নিজের ভাষায় লেখো (৩-৪ টি বাক্যে)

: বৈদিক যুগের ব্যবসা বাণিজ্য কেমন ছিল ?

উঃ আদি বৈদিক যুগে ব্যবসাবানিজ্যের বিশেষ চলন ছিল না। সরাসরি সমুদ্র-বানিজ্যের কথা ঋকবেদে নেই। পরবর্তী বৈদিক সাহিত্যে ব্যবসাবানিজ্যের কথা বেশি পাওয়া যায়। তবে সমুদ্র বানিজ্য আই আমলেও ছিল কিনা নিশ্চিত জানা যায় না। বৈদিক যুগে জিনিসপত্র বিনিময় করা হত তবে মুদ্রার ব্যবহার ছিল বলে মনে হয় না। যদিও নিষ্ক শতমান এগুলি হয়তো মুদ্রার মতো ব্যবহার হতো।